# উপজেলা পরিষদ
## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৮ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ২৯/০৬/২০২২ খ্রিস্টাব্দ, সকাল- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ২৬/০৫/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা কৃষি অফিসার পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, গত ১৬/০৬/২০২২ ইং রোজ বৃহস্পতিবার আনুমানিক রাত ১১.০০ টায় হঠাৎ পাহাড়ী ঢলের কারণে আকস্মিকভাবে পানি বৃদ্ধি পাওয়ায় অত্র দপ্তরের গুরুত্বপূর্ণ অনেক রেজিষ্টার ফাইল ও অন্যান্য কাগজ পত্রাদি পানিতে নিমজ্জিত হওয়ায় নষ্ট হয়ে যায়। যাহা<br>২। উপজেলা পরিষদ ১ নং ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জন্য ২টি মটরক্রয় ও লাইন মেরামত বাবদ ২৪৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা ব্যয় হয়েছে।<br>৩। উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, পরিষদ কোয়ার্টার ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত বাবদ ৬,৫০,০০০/-(ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হতে পারে যা উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | হঠাৎ পাহাড়ী ঢলের কারণে আকস্মিকভাবে পানি বৃদ্ধি পাওয়ায় উপজেলা প্রকৌশলী দপ্তরের গুরুত্বপূর্ণ অনেক রেজিষ্টার ফাইল ও অন্যান্য কাগজ পত্রাদি নষ্ট হয়েছে। আলোচ্য বিষয়টি উপজেলা প্রকৌশলী উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করবেন।<br>২। উপজেলা পরিষদ ১ নং ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জন্য ২টি মটরক্রয় ও লাইন মেরামত বাবদ ২৪৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩।উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, পরিষদ কোয়ার্টার ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত বাবদ ৬,৫০,০০০/-(ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, বন্যাকালীন সময়ে ডাক্তারদের কয়েকটি টিম বিভিন্ন ইউনিয়নে সেবা প্রদান করেছে এবং স্বাস্থ্য সেবা দিতে তারা সর্বদা প্রস্তুত রয়েছেন। দেশব্যাপী করোনা ভাইরাসের প্রকোপ আবারও বৃদ্ধি পাচ্ছে। সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং মাস্ক পরিধান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: কর্মকর্তা বন্যা পরবর্তী সময়ে স্বাস্থ্য সবা আরও জোরদার করবেন এবং করোনা ভাইরাস বৃদ্ধির বিষয়টি বহুল প্রচার করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | পল্লী বিদ্যুৎ | ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | ডেপুটি জেনারেল ম্যানেজার পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ , কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, জুন/২০২২ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-১৮০০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-৪০০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১৪৮০টি, হাঁস মুরগীর চিকিৎসা-৯৭০০টি, ডিম উৎপাদন-নাই, রাজস্ব আয়- ৮৯০০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ২০০০টি , ঘাস উৎপাদন নাই । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/-(তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা।<br>২। বন্যা কবলিত এলাকায় ৪টি ভেটেরিনারি মেডিক্যাল টীমের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে ঔষধ ও টীকা প্রদান করা হচ্ছে। LDDP প্রকল্পের আওতায় ৩০ জন দেশী মুরগী পালনকারী মহিলাকে আধুনিক পদ্ধতিতে মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বন্যায় গবাদী পশু ৪৩টি, ছাগল ৩৭টি ও ভেড়া ১৬টিসহ অনেক হাস-মুরগী মারা গেছে। আসন্ন ঈদুল আযহার কোরবানির হাট গুলোকে নজরদারি রাখা হবে। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। বন্যা পরবর্তী সময়ে গবাদী পশুগুলোকে স্বাস্থ্যসেবার আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং আসন্ন ঈদুল আযহার হাটগুলো মনিটরিং করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সঠিকভাবে চলমান। | উপজেলা মৎস্য অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যাদি সম্পাদন করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, বন্যা পরবর্তী সময়ে স্কুলগুলো পরিস্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বন্যায় অফিসের নথীপত্রের অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। | উপজেলা শিক্ষা অফিসার তাঁর বিভাগের কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, ছাত্র/ছাত্রীদের পাঠদান কার্যক্রম যথারীতি চলছে। অন্যান্য কার্যক্রমও স্বাভাবিকভাবে চলমান। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, নতুন ভোটার অন্তর্ভূক্তি, জাতীয় পরিচয় পত্র সংশোধন ও হারানো কার্ডের অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ নিয়মিত নিষ্পত্তি করা হচ্ছে। বন্যা পরবর্তী সময়ে আগামী ২৮/০৯/২০২২ তারিখ থেকে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হবে। বন্যার পানিতে অফিসের নীচতলায় স্টোররুমে রক্ষিত ভোটারদের রেজিষ্ট্রেশন ফরম-২ (২০০৭-২০২২) ভিজে নষ্ট হয়ে গিয়েছে। ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এর বস্তাগুলি ভিজে সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে। এছাড়াও আলমিরাতে রক্ষিত নির্বাচনে ব্যবহার যোগ্য অন্যান্য সামগ্রী নষ্ট হয়েছে। | উপজেলা নির্বাচন অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। হঠাৎ পাহাড়ী ঢলের কারণে আকস্মিক বন্যায় অফিসের ক্ষয়ক্ষতি হয়েছে। আলোচ্য বিষয়ে নির্বাচন অফিসার উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা এর প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বিধিমতে তার বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবকদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন অর্জিত হয়েছে। তাছাড়া যুব ঋণের বিতরণের লক্ষমাত্রা ছিল ৩০ জনকে ১৬.৫০ লক্ষ টাকা। প্রাকৃতিক দুর্যোগ ও ঋণ আদায় শতভাগ অর্জিত না হওয়ায় ২৩ জনকে ৯,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, আইজিএ প্রকল্পের মহিলাদের আয়বর্ধক কর্মসূচীর ১৬ ও ১৭ তম ব্যাচের মৌখিক পরিক্ষা আগামী ০৩/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। মোট ১০০ প্রশিক্ষণার্থী নেয়া হবে। এছাড়া ভিজিডি চাল বিতরণ জুন/২০২২ পর্যন্ত বিতরণ করা হয়েছে। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত একটি মামলার তদন্ত কার্যক্রম চলমান। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। মাঠ পর্যায়ে বন্যায় নষ্ট হওয়া নলকূপগুলো মেরামতের কাজ চলমান আছে। এছাড়া পূর্বে নির্মিত টুইন পিট ল্যাট্রিন নষ্ট হওয়ায় নতুন করে টুইন পিট ল্যাট্রিন নির্মাণসহ ক্ষতিগ্রস্থ ল্যাট্রিন এর মেরামতের কাজ চলছে। বন্যা ও বন্যা পরিবর্তী সময়ে ওয়াটার পিউরিফেকেশন ট্যাবলেট বিতরণসহ মোবাইল ওয়াটার ট্রিটমেন্টের মাধ্যমে বিশুদ্ধ পানি বিতরণ করা হচ্ছে। বন্যায় অফিসের অনেক দাপ্তরিক ফাইল ও কাগজপত্র নষ্ট হয়েছে। | উপ-সহকারী প্রকৌশলী আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। পাহাড়ী ঢলে হঠাৎ বন্যা হওয়াতে অফিসের অনেক ক্ষয়ক্ষতি হয়েছে যা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করবেন। | উপ-সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহিতার হার ৭৫.৫০%। জুন/২২ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর মধ্যে খাবার বড়ি ৬২টি, ইনজেকশন ২০ জন, কনডম ১১ জন। আইইউডি নাই, ইমপ্লান্ট ৩৯ জন। স্থায়ী পদ্ধতি মহিলা ৬জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি ২১৬৯২ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় অডিটযোগ্য ১৪৭টি প্রাথমিক সমবায় সমিতি ও ০২টি কেন্দ্রীয় সমবায় সমিতি রয়েছে। অডিটযোগ্য সমবায় সমিতি সমূহের মধ্যে অডিট সম্পন্ন করা হয়েছে। ০১/০৭/২০২২ তারিখ হতে অডিট কর্ম শুরু করা হবে। অত্র উপজেলায় সিভিডিপি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন এবং বন্যা বা দূর্যোগকালীন সময়ে কর্মস্থলে উপস্থিত থাকবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমাজসেবা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যাদি পরিচালনা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, গণনার কাজ স্বাভাবিকভাবে চলছে। গণনাকারীগণ মাঠে কাজ করছেন। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা তাঁর বিভাগের কার্যাদি বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা বন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, খাদ্য গোদামে চাল মজুদ আছে ১৬৩ মে:টন, ধান সংগ্রহ করা হয়েছে ৩৫৪ মে:টন। পূর্বের জিআর বিতরণ করা হয়েছে। বর্তমানে ১৫ মে:টন জিআর চাল উত্তোলন হয় নাই। জিআর চাল উত্তোলনের জন্য চেয়ারম্যানদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। বন্যায় খাদ্য শষ্যের কোন ক্ষয়ক্ষতি হয়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বন্যা বা দূর্যোগকালীন সময়ে কর্মস্থলে উপস্থিত থাকবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ে মাঠ কর্মীগণ কাজ করছেন। | ঋণ আদায়ে মাঠ কর্মীদের সঠিকভাবে তদারকি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | তথ্য কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায়কে জানান যে, তথ্যকেন্দ্র থেকে অনার্স ১ম বর্ষের প্রায় ১০০ জনের আবেদন করে দেয়া হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের আইজিএ প্রশিক্ষণে প্রায় ১৫০ জন মহিলাকে বিনামুল্যে অনলাইন আবেদন করে দেয়া হয়েছে। বন্য পরিস্থিতি অবনতি হওয়ায় গত জুন/২২ মাসের চারটি উঠান বৈঠক স্থগিত রাখা হয়েছে। | তথ্যসেবা কর্মকর্তা আলোচ্য বিষয়ের কার্যক্রম আরও জোরদার করবেন। | তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় দ্বিতীয় ধাপের বন্যা দুর্গতদের মধ্যে শুকনা খাবার বিতরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে। যা উপজেলা পরিষদ সভায় ভূতাপেক্ষ অনুমোদন দেয়া প্রয়োজন।<br><br>২। উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১৮,৫৮৭/- (আটার হাজার পাচশত সাতাশি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>৩। উপজেলা পরিষদে নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>৪। উপজেলা পরিষদের আসবাদপাত্র মেরামত বাবদ ২৪৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>৫। উপজেলা পরিষদের মাঠ, কোয়ার্টার ও বিভিন্ন অফিসের আঙিনা পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে। | কোম্পানীগঞ্জ উপজেলায় দিত্বীয় ধাপের বন্যা দুর্গতদের মধ্যে শুকনা খাবার বিতরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ের ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হলো।<br>২।উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১৮,৫৮৭/-(আটার হাজার পাচশত সাতাশি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩।নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪।উপজেলা পরিষদের আসবাদপাত্র মেরামত বাবদ ২৪৫০০/-(চব্বিশ হাজার পাচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫। পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | বিবিধ-২ | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি সভাকে জানান যে, বন্যায় অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। বন্যার্তরা বিভিন্ন আশ্রয়কেন্দ্রে আশ্রয় নিয়েছে। সরকারি ত্রাণ সঠিকভাবে বিতরণ করা হচ্ছে। আলোচনায় অংশগ্রহন করে সভায় উপস্থিত অন্যান্য চেয়ারম্যানগণ বলেন যে, বন্যায় ব্যাপক পরিমানে ক্ষয়ক্ষতি হয়েছে। অনেক গবাদী পশু মারা যেছে। রাস্তাঘাটসহ অনেক ঘরবাড়ী নষ্ট হয়েছে। সরকারি ত্রাণ সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে। | ইউপি চেয়ারম্যানগণ সুষ্টুভাবে ত্রাণ সামগ্রী বিতরণ করবেন এবং ক্ষতিগ্রস্থ ঘরবাড়ীর তালিকা প্রস্তুত করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ ২১/০৮/২০২২

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১-৫৬৮(৪৫) তারিখঃ ২৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।**

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা.......................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।...............................................কোম্পানীগঞ্জ, সিলেট।

২৯/০৬/২২
লুসিকান্ত হাজং
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

**উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'**

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব হাজী জিয়াদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মো: ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব মো: আলমগীর আলম | চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মো: মিজানুর রহমান | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট এর প্রতিনিধি। |
| ০৯ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব শিবলী আতিকা তিন্নী | উপুজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব রোখসানা আক্তার রত্না | |
| ১৪ | জনাব সজল কান্তি তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব ইকবাল হোসেন আরিফ | চেয়ারম্যান, ইউসিসিএলি:, কোম্পানীগঞ্জ, সিলেট এ প্রতিনিধি। |
| ১৭ | জনাব মো: সাজ্জাদুর রহমান সাজু | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১৯ | ডা: কামরুজ্জামান রাসেল | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০ | জনাব সজল কান্তি তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | জনাব মো: পারভেজ খান | উপ-সহকারি প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২২ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব মো: আজিম উদ্দিন | প্যানেল চেয়ারম্যান, তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | জনাব আয়শা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | জনাব মনোজকান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |

**পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ**

১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট।
৫।উপজেলা প্রকল্প কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,সিলেট।
৬। চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।

২৯/০৬/২২

42

উপজেলা পরিষদের ৩৮ তম সভা

তারিখ :- ২৯/০৬/2022 ইং

সময় :-

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | মো: জিয়াদ আলী | চেয়ারম্যান ৩নং ইউপি | [signature] |
| ১২ | মো: মমতুর রহমান | চেয়ারম্যান নং [illegible] ইউপি | [signature] |
| ১৩ | মো: [illegible] | চেয়ারম্যান ১নং পূর্ব ইসলামপুর | [signature] |
| ১৪ | মো: তাহের [illegible] | UE | [signature] |
| ১৫ | মাকসুদা ইসলাম | UFPO | [signature] |
| ১৬ | [illegible] | UEO | [signature] 29/6/22 |
| ১৭ | রুনি রঞ্জন দে | USSO | [signature] 29/6/22 |
| ১৮ | মো: মিজানুর রহমান | ইউ. [illegible] | [signature] 29/6 |
| ১৯ | [illegible] | SAPPO | [signature] 29.6.2022 |
| ২০ | মো: [illegible] আহমদ | VSEO | [signature] |
| ২১ | মো: আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার | [signature] |
| ২২ | মো: আতিকুল হক | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ২৩ | মিবলী আতিকা তিন্নী | উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা | [signature] |
| ২৪ | রোমানা আক্তার রুমা | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] |
| ২৫ | সজল কান্তি তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| ২৬ | মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ২৭ | ইকবাল হোসাইন আবিদ | চেয়ারম্যান UCCA. | ইকবাল, |
| ২৮ | মো: মাহফুজুর রহমান মাহফুজ | চেয়ারম্যান, ৪নং ইসলামপুর | [signature] |
| ২৯ | মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] |
| ৩০ | Dr. Md. Kamruzzaman | UHSFPO | [signature] |
| ১ | সজল কান্তি তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| ২ | মো: সারোয়ার খান | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | [signature] |
| ৩ | মো: জামাল মিয়া | চেয়ারম্যান [illegible] | [signature] |
| ~~৪~~ | ~~মো: আরিফ উদ্দিন~~ | ~~প্যানেল চেয়ারম্যান ৩নং [illegible]~~ | [signature] |
| ২৪ | মো: আরিফ উদ্দিন | প্যানেল চেয়ারম্যান ৩নং [illegible] | [signature] |
| ২৫ | আয়েশা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ২৬ | [illegible] | উপজেলা [illegible] | [signature] |
| ২৭ | [illegible] | UPIO, [illegible] | [signature] |